



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : [wparty@mail@gmail.com](mailto:wparty@mail@gmail.com), [www.wpb71.org](http://www.wpb71.org)

১৮ জুন ২০২৬

## শোক বিবৃতি

### কমরেড আনোয়ার হোসেন বিশ্বাস এর মৃত্যুতে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি গভীর শোক প্রকাশ

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির ভারপ্রাপ্ত সভাপতি মাহমুদুল হাসান মানিক ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নুর আহমদ বকুল এক শোক বার্তায় চুয়াডাঙ্গা জেলার সাধারণ সম্পাদক কমরেড আনোয়ার হোসেন বিশ্বাস এর মৃত্যুতে গভীর শোক জানিয়ে নিম্নলিখিত বিবৃতি প্রদান করেন।

নেতৃত্ব বলেন, চুয়াডাঙ্গা জেলা ওয়ার্কার্স পার্টি সাধারণ সম্পাদক কমরেড আনোয়ার হোসেন বিশ্বাস অত্যন্ত কিশোর বয়সেই সমাজ বিপ্লবের আকাঙ্ক্ষায় স্বাধীনতা পূর্বকালে গোপন কমিউনিস্ট পার্টি সংগে সম্পৃক্ত হন। রাজনৈতিক বিভিন্ন বাক মোড়ে এবং রাজনৈতিক ঐক্য প্রক্রিয়ার মধ্যদিয়ে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সংগে যুক্ত হন। কমরেড আনোয়ার হোসেন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার খাদিমপুর ইউনিয়নে চিৎলা গ্রামে আধিবাসী ছিলেন। ওয়ার্কার্স পার্টির একনিষ্ঠ কর্মী হিসেবে দীর্ঘকাল ঐ অঞ্চলে কৃষকদের স্বার্থে লড়াইয়ে যুক্ত ছিলেন। কমরেড আনোয়ার বেশ কিছু দিন যাবৎ হৃদরোগে ভুগছিলেন। গত দু'দিন আগে নিজ বাড়ীতে অসুস্থ হয়ে পড়লে ঢাকায় জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় আজ ১৮ জুন, ২০২৬ সকাল ১১টায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। তার মৃত্যুর সংবাদ শুনে পার্টির ভারপ্রাপ্ত সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাহমুদুল হাসান মানিক হাসপাতালে ছুটে যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭০ বছর। তিনি স্ত্রী ২ ছেলে ১ মেয়েসহ অনেক গুণগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুতে চুয়াডাঙ্গা জেলা কমিটি অত্যন্ত ক্ষতি হয়েছে। শুধু তাই নয় ঐ অঞ্চলে বাম প্রগতিশীল আন্দোলনের একজন নেতৃত্ব হারিয়ে গেলো। কমরেড আনোয়ারের শেষকৃত্য অনুষ্ঠান আগামীকাল সকাল ১০ টায় তার নিজ গ্রামে অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় পার্টির পক্ষে মেহেরপুর জেলা সভাপতি কমরেড আব্দুল মাবুদ, কুষ্টিয়া জেলা পার্টি সভাপতি কমরেড ফজলুল হক বুলবুলসহ ঐ অঞ্চলের পার্টি কর্মী ও নেতৃত্ব উপস্থিত থাকবেন। কমরেড আনোয়ারের মৃত্যুতে কেন্দ্রীয় সভাপতি ও সাধারণ সম্পাদক গভীর শোক ও পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করে।

বার্তা প্রেরক

(মোস্তফা আলমগীর রতন)

সদস্য, কেন্দ্রীয় প্রচার বিভাগ

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

মোবাইল : ০১৭১৫১৫৫৩৮৭